

## 📖 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৬৩

ভূমিকা (المقدمة)

আরবী

أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ الصَّلْتِ، حَدَّثَنَا زُهَيْرٌ، عَنْ جَعْفَرِ بْنِ بُرْقَانَ، حَدَّثَنَا مَيْمُونُ بْنُ مِهْرَانَ، قَالَ: كَانَ أَبُو بَكْرٍ رَضِيَ اللَّهُ عَنْهُ، إِذَا وَرَدَ عَلَيْهِ الْخَصْمُ نَظَرَ فِي كِتَابِ اللَّهِ، فَإِنْ وَجَدَ فِيهِ مَا يَقْضِي بَيْنَهُمْ، قَضَى بِهِ، وَإِنْ لَمْ يَكُنْ فِي الْكِتَابِ، وَعَلِمَ مِنْ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فِي ذَلِكَ الْأَمْرِ سُنَّةً، قَضَى بِهِ، فَإِنْ أَعْيَاهُ، خَرَجَ فَسَأَلَ الْمُسْلِمِينَ وَقَالَ: «أَتَانِي كَذَا وَكَذَا، فَهَلْ عَلِمْتُمْ أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَضَى فِي ذَلِكَ بِقَضَاءٍ؟» فَرُبَّمَا اجْتَمَعَ إِلَيْهِ النَّفَرُ كُلُّهُمْ يَذْكُرُ مِنْ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فِيهِ قَضَاءً. فَيَقُولُ أَبُو بَكْرٍ: «الْحَمْدُ لِلَّهِ الَّذِي جَعَلَ فِينَا مَنْ يَحْفَظُ عَلَى نَبِيِّنَا،» صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ، "فَإِنْ أَعْيَاهُ أَنْ يَجِدَ فِيهِ سُنَّةً مِنْ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ، جَمَعَ رُءُوسَ النَّاسِ وَخِيَارَهُمْ فَاسْتَشَارَهُمْ، فَإِذَا اجْتَمَعَ رَأَيْهُمْ عَلَى أَمْرٍ، قَضَى بِهِ

رجاله ثقات غير أن ميمون بن مهران لم يدرك أبا بكر فالإسناد منقطع

বাংলা

১৬৩. মাইমুন ইবনু মিহরান রাহিমাহুল্লাহ বলেন, আবু বাকর রাদিয়াল্লাহু আনহু-এর নিকট কোনো বিচার-বিসম্বাদ এসে পৌঁছেলে তিনি প্রথমে আল্লাহর কিতাবে (এর হুকুম খুঁজে) দেখতেন। তাদের মধ্যকার বিবাদমান বিষয়টি সেখানে পেয়ে গেলে তিনি সে অনুযায়ী তাদের মধ্যে ফায়সালা করতেন। আর তা যদি কিতাবে না থাকত, আর এ বিষয়ে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম-এর সুন্নাহ তাঁর জানা থাকত, তবে তিনি সে অনুযায়ী এর ফায়সালা করতেন। আর যদি তিনি এতে (এ বিষয়ে সুন্নাহ জানতে) ব্যর্থ হতেন, তবে তিনি লোকদেরকে জিজ্ঞেস করার জন্য বেরিয়ে পড়তেন। তিনি বলতেন: 'আমার নিকট এমন এমন বিচার-বিসম্বাদ এসেছে। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এ বিষয়ে কিভাবে ফায়সালা করেছেন, তা তোমরা জানো কি? তখন লোকেরা দলে দলে তার নিকট একত্রিত হতেন এবং তাদের প্রত্যেকেই উল্লিখিত বিষয়ে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর রায় বর্ণনা করতেন। তখন আবু বাকর রাদিয়াল্লাহু আনহু বলতেন: 'আলহামদু লিল্লাহ! আল্লাহর জন্যই সমস্ত প্রশংসা যিনি আমাদের মাঝ থেকে এমন ব্যক্তি তৈরি করেছেন, যে আমাদের নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া

সাল্লাম থেকে (তাঁর হাদীস) সংরক্ষণ করেছেন। আর যদি তিনি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর সুন্নাত থেকে এ বিষয়ে কোনো ফায়সালা পেতে ব্যর্থ হতেন, তখন তিনি লোকদের মধ্যকার শ্রেষ্ঠ ও নেতৃস্থানীয় ব্যক্তিদেরকে একত্রিত করতেন এবং তাদের সাথে পরামর্শ করতেন। যখন তারা সকলে একটি বিষয়ে ঐকমত্যে পৌঁছতেন, তখন তিনি তার ভিত্তিতে সিদ্ধান্ত বা রায় দিতেন।[1]

## ফুটনোট

[1] তাহকীক: এর রাবীগণ নির্ভরযোগ্য। কিন্তু মাইমুন ইবনু মিহরান আবু বাকরের সাক্ষাত পাননি। ফলে এ সনদ বিচ্ছিন্ন।

তাখরীজ: বাইহাকী, আদাবুল কাযী ১০/১১৪;

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=69474>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন